

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অন-লাইনে ভর্তি ও নিশ্চায়ন সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

- ১। শিক্ষার্থীদের ভর্তির প্রাথমিক নিশ্চায়ন ফি ১৮৫/- টাকা জমাদান এবং শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ভর্তির চূড়ান্ত নিশ্চায়নের সময়সীমা আগামী ৯ জুলাই ২০১৭ পর্যন্ত বৃদ্ধি করা হল।
- ২। ৫ জুলাই থেকে ৯ জুলাই ২০১৭ পর্যন্ত শিক্ষার্থীর আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অন-লাইনে শিক্ষার্থীর ভর্তি বাতিল করতে পারবে। আবেদনের মাধ্যমে কোন শিক্ষার্থী ভর্তি বাতিল করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ভর্তি বাতিলকৃত শিক্ষার্থীর প্রাপ্য অর্থ ফেরৎ দিবে।
- ৩। ৯ জুলাই ২০১৭-এর মধ্যে যে সব প্রতিষ্ঠান শিক্ষার্থীদের চূড়ান্ত নিশ্চায়ন করবে না- তাদের প্রাথমিক নিশ্চায়ন ও Selection স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।
- ৪। ১১ জুলাই ২০১৭-এ প্রতিষ্ঠানভিত্তিক শিফট/ভার্সন/গ্রুপ অনুযায়ী শূন্য আসনের তালিকা ভর্তি ওয়েবসাইটে (www.xiclassadmission.gov.bd) প্রকাশ করা হবে।
- ৫। ১১ জুলাই থেকে ১৫ জুলাই ২০১৭ পর্যন্ত শুধুমাত্র অন-লাইনে শিক্ষার্থীদের আবেদন গ্রহণ করা হবে। উল্লেখ্য যে এই আবেদনে কমপক্ষে ৭টি ও সর্বোচ্চ ১০টি প্রতিষ্ঠানে পছন্দক্রম প্রদান করতে হবে।
- ৬। ১১ জুলাই থেকে ১৫ জুলাই ২০১৭ পর্যন্ত যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবে-
 - (ক) যারা যথাযথভাবে পছন্দক্রম না দেয়ায় আবেদন করেও ভর্তির জন্য Selection পায়নি;
 - (খ) যারা পূর্বে আবেদন করেনি;
 - (গ) যারা Selection পেয়েও ভর্তির প্রাথমিক নিশ্চায়ন করেনি;
 - (ঘ) যারা Selection প্রাপ্ত প্রতিষ্ঠানে ভর্তির প্রাথমিক নিশ্চায়ন করেও ভর্তি হয়নি;
 - (ঙ) যারা ভর্তি বাতিল করেছে।
- ৭। যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করেও যথাযথভাবে পছন্দক্রম না দেয়ায় কোন প্রতিষ্ঠানে Selection পায়নি- তারা তাদের পূর্বে দাখিলকৃত আবেদনে পছন্দক্রম পরিবর্তন অথবা শিক্ষা প্রতিষ্ঠান সংযোজন/বিয়োজন করতে পারবে। উল্লেখ্য যে এসব শিক্ষার্থীদের আবেদন ফি প্রদান করতে হবে না। তবে অন্যান্য [৬ এর (খ) থেকে (ঙ) পর্যন্ত] আবেদনকারীদের আবেদন ফি ১৫০/- টাকা টেলিটকের মাধ্যমে প্রদান করতে হবে।
- ৮। আবেদনকৃত শিক্ষার্থীদের ভর্তির ফলাফল আগামী ১৭ জুলাই ২০১৭ তারিখে প্রকাশ করা হবে।
- ৯। শিক্ষা প্রতিষ্ঠানে Selection প্রাপ্ত শিক্ষার্থীদেরকে আগামী ১৮ জুলাই থেকে ২০ জুলাই ২০১৭ এর মধ্যে প্রাথমিক নিশ্চায়ন ও প্রতিষ্ঠানে ভর্তির যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অবশ্যই উক্ত সময়ের (১৮ জুলাই থেকে ২০ জুলাই ২০১৭) মধ্যে ভর্তিকৃত শিক্ষার্থীদের চূড়ান্ত নিশ্চায়ন সম্পন্ন করতে হবে।



(প্রফেসর মোঃ মাহাবুবুর রহমান)

সভাপতি, আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি

ও

চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।